দৈনিক বাংলা

তারিখ 30 MAR 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

78

# ঢাকা বিশ্ববিদ্যালয় ৭ই এপ্রিল খুলবে

।। স্টাফ রিপোর্টার ।।

আগামী ৭ই এপ্রিল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় খুলবে। আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্যে হলসমূহ পাঁচ তারিখের মধ্যে খুলে দেয়া হবে।

গতকাল বিকালে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ভাইস-চ্যান্সেলর এম মনিরুজ্জামান মিঞা এতে সভাপতিত্ব করেন। উল্লেখ্য, গত ২৫শে ফেব্রুয়ারী ক্যাম্পাসে এক রক্তক্ষয়ী সংঘর্ষে একজন ছাত্রনেতা নিহত হওয়ার পর বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়। একই সঙ্গে আবাসিক ছাত্র-ছাত্রীদের হলত্যাগের নির্দেশ দেয়া হয়।

গতকালের সিন্ডিকেট সভায় কয়েকটি প্রস্তাব গৃহীত হয়। বিশ্ববিদ্যালয় খোলার পর ক্যাম্পাসে যাতে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয় ৭ই এপ্রিল খুলবে

প্রথম পৃঃ পর

স্বাভাবিক কাজকর্ম অব্যাহত থাকে সে সম্পর্কে আইন শৃংখলা রক্ষাকারী সংস্থাসমূহের দায়িত্ব বিষয়ে অবহিত করার জন্যে চ্যান্সেলরের সঙ্গে সাক্ষাৎ করার সিদ্ধান্ত নেয়া হয়। অপর এক প্রস্তাবে ক্যাম্পাসে শান্তি শৃংখলা রক্ষায় সংশ্লিষ্ট বিভিন্ন মহলের সঙ্গে আলোচনার মাধ্যমে একটি ঐকমত্য তৈরির চেষ্টা অব্যাহত রাখতে ভিসির প্রতি অনুরোধ জানানো হয়। সিন্ডিকেট সভায় প্রো-ভিসির ওপর অর্পিত সকল দায়িত্ব তাকে ফিরিয়ে দেয়া হয়।

### পরিবেশ পরিষদ

সিন্ডিকেট সভায় আগে গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভা প্রশাসনিক ভবনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। ভিসি প্রফেসর এম মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে সভায় পরিষদের সদস্যরা ছাড়াও ডাকসুর কর্মকর্তা এবং হল সংসদসমূহের ভিপি ও জিএসগণ উপস্থিত ছিলেন।

ছাত্রনেতাদের মধ্যে মুশতাক হোসেন, হাবিবুর রহমান হাবিব, নাজমুল হক প্রধান, মোস্তফা ফারুক, শফী আহমদ, নাসির উদ দুজা আলোচনায় অংশ নেন। অধিকাংশ বক্তা অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার পক্ষে মত প্রকাশ করেন। তবে তাঁরা মনে করেন যে যেহেতু সন্ত্রাস মোকাবিলা করা বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষে সম্ভব নয় তাই সন্ত্রাস দমনের দায়িত্ব সরকারকেই নিতে হবে। একই সঙ্গে ক্যাম্পাসে যাতে অস্ত্রধারী ও বহিরাগতরা প্রবেশ করতে না পারে তাও নিশ্চিত করতে হবে।

ছাত্র নেতৃবৃন্দ সন্ত্রাস সৃষ্টিকারীদের সংগঠন থেকে বহিষ্কার করার অঙ্গীকার ঘোষণা করেন। সভায় ইতিপূর্বে গঠিত তদন্ত কমিটিগুলোর রিপোর্ট অনুযায়ী সন্ত্রাসীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবী জানানো হয়।